স্মারক নং-ইইউবি/অতিঃরেজিঃ/প্রঃঅঃঅঃমেঃঅঃদঃশিঃ/২০২৫-৪৭৪ তারিখঃ ১৭ জুন ২০২৫ খ্রিষ্টাব্দ

# বিজ্ঞপ্তি

এতদ্বারা ইউরোপিয়ান ইউনিভার্সিটি অব বাংলাদেশ (ইইউবি) এ অধ্যয়নরত শিক্ষার্থীদের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, বেসরকারি বিশ্ববিদ্যালয় আইন-২০১০ এর ৯(৪) ধারার বর্ণনা মোতাবেক অত্র বিশ্ববিদ্যালয়ের **"প্রত্যন্ত অনুন্নত অঞ্চলের মেধাবী অথচ দরিদ্র শিক্ষার্থীদের"** চিহ্নিত করা এবং তাঁদের টিউশন ফি মউকুফ করার বিষয়ে কর্তৃপক্ষ সিদ্ধান্ত গ্রহণ করেছে। এ লক্ষ্যে নিম্নোক্ত ৩টি উপ-নির্ণায়ক (Criteria) বিবেচনা করা হবে- যার ব্যাখ্যা নিম্নরূপঃ

**ক. প্রত্যন্ত অনুন্নত অঞ্চলঃ** এক্ষেত্রে প্রত্যন্ত অনুন্নত অঞ্চল বলতে রুরাল লোকাল গভর্নমেন্টের (Rural Local Govt.) আওতাভুক্ত ইউনিয়ন পরিষদ/গ্রামকে বুঝাবে; এছাড়াও, পার্বত্য জেলার স্থায়ী বাসিন্দা হিসেবে সনদপত্র জমা প্রদান স্বাপেক্ষে পার্বত্য জেলাসমূহ (রাঙামাটি, খাগড়াছড়ি এবং বান্দরবন) থেকে ভর্তিকৃত সকল শিক্ষার্থীদেরকে ও দেশের অন্যান্য উপজাতি (Tribal) শিক্ষার্থীদেরকে প্রত্যন্ত অনুন্নত অঞ্চলের আওতাভুক্ত ধরা হবে। উল্লেখ্য, আরবান লোকাল গভর্নমেন্টের (Urban Local Govt.) আওতাভুক্ত পৌরসভা/সিটি কর্পোরেশন প্রত্যন্ত অনুন্নত অঞ্চলের আওতাভূত হবে না।

**খ. মেধাবীঃ** ভর্তিকৃত যে সকল শিক্ষার্থী এসএসসি/সমমানের ও এইচএসসি/সমমানের পরীক্ষায় ৫ এর মধ্যে কমপক্ষে ৪.৫০ অর্থাৎ গড়ে এসএসসি ও এইচএসসি-তে সর্বমোট ৯.০০ জিপিএ পাবেন এবং ডিপ্লোমা ডিগ্রীধারীর ক্ষেত্রে এসএসসি/সমমানের পরীক্ষায় ৫ এর মধ্যে ৪.৫০ এবং ডিপ্লোমা পরীক্ষায় ৪ এর মধ্যে সর্বনিম্ন ৩.৫০ অর্থাৎ সর্বমোট ৮.০০ সিজিপিএ প্রাপ্ত হবেন-তাঁদেরকে মেধাবী শিক্ষার্থী হিসেবে গণ্য করা হবে। এছাড়াও, স্নাতক ডিগ্রীধারীর ক্ষেত্রে ৪ এর মধ্যে ৩.৭৫ সিজিপিএ প্রাপ্তদেরকে মেধাবী শিক্ষার্থী হিসেবে গণ্য করা হবে।

**গ. দরিদ্র শিক্ষার্থীঃ** শিক্ষার্থীর স্ব স্ব ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান কর্তৃক প্রদত্ত সংশ্লিষ্ট শিক্ষার্থীর অভিভাবকের মাসিক/বাৎসরিক সর্বসাকুল্য আয়ের সনদপত্রকে দরিদ্র শিক্ষার্থী চিহ্নিতকরণের মানদন্ড হিসেবে নির্ধারণ করা হবে।

উপর্যুক্ত নির্ণায়কের ভিত্তিতে টিউশন ফি মওকুফের জন্য শিক্ষার্থী নির্বাচনের উদ্দেশ্যে এতদসঙ্গে সংযুক্ত আবেদনপত্র ও তথ্য ছক পূরণপূর্বক আগ্রহী ছাত্র-ছাত্রীদেরকে রেজিস্ট্রার, ইইউবি বরাবরে আবেদন করার জন্য অনুরোধ করা হলো।

সংযুক্তিঃ বর্ণনা মোতাবেক।
২ (দুই) পৃষ্ঠা

১৭.০৬.২০২৫
মোঃ ইউনুসুর রহমান
রেজিস্ট্রার, ইইউবি

প্রাপকঃ সকল শিক্ষার্থী
ইউরোপিয়ান ইউনিভার্সিটি অব বাংলাদেশ (ইইউবি)



CamScanner

স্মারক নং-ইইউবি/অতিঃরেজিঃ/প্রঃঅঃঅঃমেঃঅঃদঃশিঃ/২০২৫-৪৭৪ তারিখঃ ১৭ জুন ২০২৫ খ্রিষ্টাব্দ

**প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহন ও অবগতির জন্য অনুলিপি প্রেরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। ট্রেজারার, ইইউবি।

২। সকল বিভাগীয় চেয়ারম্যান, ইইউবি।

৩। অতিরিক্ত রেজিস্ট্রার (ক্লাস্টার-১ ও ২), ইইউবি।

৪। পরীক্ষা নিয়ন্ত্রক, ইইউবি।

৫। উপদেষ্টা (ছাত্র কল্যাণ), ইইউবি।

৬। পরিচালক, ভর্তি শাখা, ইইউবি।

৭। ম্যানেজার, কো-অর্ডিনেশন (ক্লাস্টার-১), ইইউবি।

৮। ম্যানেজার, হিসাব শাখা (ক্লাস্টার-১ ও ২), ইইউবি।

৯। সিনিয়র পি. এস. টু চেয়ারম্যান (বিওটি) ও রেজিস্ট্রার (চেয়ারম্যান ও রেজিস্ট্রার মহোদয়ের দৃষ্টিগোচর করার জন্য), ইইউবি।

১০। সিনিয়র আইটি অফিসার (বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট ও ফেইসবুক পেজ এবং স্টুডেন্ট পোর্টালে আপলোড করার জন্য), ইইউবি।

১১। পি. এস. টু ভিসি (ভিসি মহোদয়ের দৃষ্টিগোচর করার জন্য), ইইউবি।

১২। সকল নোটিশ বোর্ড, ইইউবি।

১৩। অফিস নথি।

১৭.০৬.২৫

ড. এস. এম. জোবায়ের এনামুল করিম
অতিরিক্ত রেজিস্ট্রার, ইইউবি



CamScanner

## নমুনা আবেদনপত্র

তারিখঃ.......................

বরাবর,
রেজিস্ট্রার
ইউরোপিয়ান ইউনিভার্সিটি অব বাংলাদেশ
২/৪, গাবতলী, মিরপুর, ঢাকা-১২১৬

বিষয়ঃ **"প্রত্যন্ত অনুন্নত অঞ্চলের মেধাবী অথচ দরিদ্র শিক্ষার্থী" কোটায় টিউশন ফি মওকুফের আবেদন।**

মহোদয়,

আমি ইউরোপিয়ান ইউনিভার্সিটি অব বাংলাদেশের একজন নিয়মিত ছাত্র। বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে প্রকাশিত বিজ্ঞপ্তির মাধ্যমে জানতে পারলাম যে, অত্র বিশ্ববিদ্যালয়ে অধ্যয়নরত **প্রত্যন্ত অনুন্নত অঞ্চলের মেধাবী অথচ দরিদ্র শিক্ষার্থী** কোটায় নির্ধারিত শর্তপূরণ স্বাপেক্ষে "টিউশন ফি" মওকুফ করা হবে। আমি একজন **প্রত্যন্ত অনুন্নত অঞ্চলের মেধাবী অথচ দরিদ্র শিক্ষার্থী** হিসেবে কর্তৃপক্ষের নিকট আমার টিউশন ফি মওকুফের জন্য বিনীত অনুরোধ করছি। উল্লেখ্য, বিশ্ববিদ্যালয় কর্তৃক সরবরাহকৃত "তথ্য ছক" পূরণপূর্বক সংযুক্ত করা হলো।

অতএব, উপরোক্ত বিষয়টি বিবেচনা পূর্বক আমার টিউশন ফি মওকুফ করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য বিশেষভাবে অনুরোধ করছি।

বিনীত নিবেদক,

স্বাক্ষরঃ...............................

নামঃ..................................................

আইডি নং-..............................................

ডিপার্টমেন্ট-..............................................

মোবাইল নম্বরঃ...........................................

# সংযুক্ত তথ্যাবলী

১. শিক্ষার্থীর পূর্ণ নাম (বাংলায়):

২. শিক্ষার্থীর পূর্ণ নাম (ইংরেজিতে বড় অক্ষরে):

৩. মাতার নামঃ

৪. পিতার নামঃ

৫. পিতা/মাতার অবর্তমানে বৈধ অভিভাবকের নামঃ

৬. অধ্যয়নরত বিভাগের নামঃ

৭.আইডি নং:

৮. অধ্যয়নরত সেমিস্টারের নাম ও বছরঃ

৯. প্রত্যন্ত অনুন্নত অঞ্চলের বাসিন্দা কিনাঃ হ্যাঁ/ না (টিক চিহ্ন দিন)

৯. হ্যাঁ হলে নিম্নোক্ত তথ্য দিনঃ

ঠিকানাঃ গ্রামঃ ডাকঘরঃ

উপজেলাঃ জেলাঃ

১০. শিক্ষাগত যোগ্যতাঃ

| ক্রমিক নং | শিক্ষার পর্যায় | শিক্ষা প্রতিষ্ঠানের নাম | বোর্ড/বিভাগ কর্তৃক বরাদ্দকৃত জিপিএ/সিজিপিএ | প্রাপ্ত জিপিএ/ সিজিপিএ | পাশের বছর |
|---|---|---|---|---|---|
| ১ | এসএসসি/সমমান | | | | |
| ২ | এইচএসসি/সমমান | | | | |
| ৩ | ডিপ্লোমা | | | | |
| ৪ | স্নাতক | | | | |

১১. অভিভাবকের মাসিক/বাৎসরিক সর্বসাকুল্য আয়ঃ

১২. আবেদনপত্রের সাথে যে সকল ডকুমেন্টস সংযুক্ত করতে হবেঃ

ক. সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান কর্তৃক প্রদত্ত অভিভাবকের মাসিক/বাৎসরিক আয়ের সনদপত্র ও নাগরিকত্ব সার্টিফিকেট।

খ. আবেদনকারীর নিজের এনআইডি কার্ড।

গ. আবেদনকারীর পিতার এনআইডি কার্ড।

ঘ আবেদনকারীর মাতার এনআইডি কার্ড।

ঙ. বৈধ অভিভাবকের এনআইডি কার্ড (পিতা/মাতার অবর্তমানে):

চ. আবেদনকারীর এসএসসি এবং এইচএসসি বা সমমানের ও স্নাতক পরীক্ষায় উত্তীর্ণ সনদপত্রের কপি।

ছ. আবেদনকারী ডিপার্টমেন্টের নিয়মিত পূর্ণকালীন ছাত্র হিসাবে অধ্যয়ন করে সকল কার্যক্রমে অংশগ্রহণ করছে- এ মর্মে ডিপার্টমেন্টের চেয়ারম্যান থেকে গৃহীত সনদপত্র।



CamScanner